উপজেলা পরিষদ

ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

**অক্টোবর/২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মো: আরিফুল ইসলাম প্রিন্স
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ হলরুম, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

তারিখ : ২৮/১০/২৫ খ্রিস্টাব্দ সময়ঃ সকাল ১১.৩০ঘটিকা।

**উপস্থিত এবং সংযুক্ত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" "খ"**

সভার সভাপতি প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ কর্তৃক সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার সেপ্টেম্বর/২৫ মাসের কার্যবিবরণী পাঠকরা হয় এবং কোন সংশোধন উত্থাপিত না হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় ।

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | **উপজেলা প্রকৌশলী অফিস:** (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি আরও জানান যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে ১) সুহিলা সুতিয়া নদীরপাড় আবু তাহের মেম্বারের বাড়ীর সম্মুখের সড়কে ১.৫০মি. X ১.৫০মি. আরসিসি বক্সকালভার্টের সাব-স্ট্রাকচার নির্মাণ, ইউনিয়ন - ঘাগড়া,সদর,ময়মনসিংহ। ২) সুহিলা সুতিয়া নদীরপাড় আবু তাহের মেম্বারের বাড়ীর সম্মুখের সড়কে ১.৫০মি. x ১.৫০মি. আরসিসি বক্সকালভার্টের সুপার-স্ট্রাকচার নির্মাণ, ইউনিয়ন - ঘাগড়া,সদর,ময়মনসিংহ কাজের প্রাক্কলনে এমএস রডের আইটেমে রডের Quantity ডিজাইন এর সাথে পার্থক্য থাকায় সংশোধিত প্রাক্কলনে এমএস রড এর আইটেমে ডিজাইন এর সাথে মিল রেখে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার প্যাকেজ নং- UDF/MYM/SAD/2024-25/P-03, চুক্তি মূল্য ঃ ৩১,৩৫,০০০.০০ এবং সংশোধিত চুক্তি মূল্য ঃ ৩০,৫২,১৯৪.২০ ।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, e-GP প্যাকেজ নং- ADP/Maint/2024-25/MYM/SAD/P-03 এর কাজটি PPR, 2008 (পিপিআর ২০০৮) অনুসরণক্রমে জুন/২৫ এর মধ্যে শেষ হবার কথা থাকলেও কার্যাদেশ প্রদান করা হয় ২২/০৬/২০২৫ তারিখ যা বাস্তবিককারণে ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করা সম্ভবপর হয়নি। এক্ষেত্রে ক্রয়কারী প্রতিষ্ঠান উপজেলা পরিষদের পক্ষ হতে কাজ সমাপ্ত/বন্ধ করে সংশ্লিষ্ট বরাদ্দ হতে অর্থ বিধি মোতাবেক অব্যয়িত অবস্থায় ফেরত প্রদান করা হয়।এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বিধি ও নিয়ম অনুযায়ী জরিমানা আরোপ ব্যতীত জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা হয়। সকলে একমত পোষন করেন। | (ক)সভায় বিস্তারিত আলোচনান্তে সংশোধিত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং সংশ্লিষ্ট ঠিকাদারের সহিত সংশোধিত চুক্তিমূল্য অনুযায়ী পুনরায় চুক্তি সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) GCC ; বিধি ও নিয়ম বিশ্লেষণ পূর্বক জরিমানা ব্যতীত জামানত প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ২ | **উপজেলা কৃষি অফিস :** সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, তার বিভাগের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি আরও জানান যে, বর্তমানে মাঠে রোপা আমন ধান ও অন্যান্য ফসলের পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এছাড়াও | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | প্রনোদনা কর্মসূচির আওতায় ৪০০ জন এবং মাঠে ও বসতবাড়ীতে চাষযোগ্য সবজির জন্য ২৩০ জন কৃষক-কৃষানীর মাঝে বিনামূল্যে শাকসবজির বীজ ও সার বিতরন করা হয়েছে ।এছাড়া রবি ২০২৫-২৬ মৌসুমে গম ৬৫০ জন, সরিষা ৪৮৩০ জন সূর্জমুখী ৭০ জন চিনাবাদাম ৪০ জন , শীতকালীন পেঁয়াজ ৪০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণের লক্ষ্যে লটারীর মাধ্যমে অগ্রাধিকার তালিকা প্রস্তুতি কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া উপজেলা সার মনিটরিং কার্যক্রম বেগমান রয়েছে এবং সারের কোন সংকট নেই বলে জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া আগামী ১২ অক্টোবর ২০২৫ হতে সারা বাংলাদেশে একযোগে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন শুরু হয়েছে,যেখানে ৯ মাস থেকে ১৫ বছর এর কম বয়সী সকল শিশুকে এক ডোজ TCV টিকা প্রদান করা হচ্ছে বলে জানান। এ বিষয়ে তিনি স্কুল পর্যায়ে প্রাক প্রাথমিক/ সমমান এবং নবম শ্রেণী / সমমান পর্যন্ত সকল শিশুকে জন্মনিবন্ধনের মাধ্যমে অনলাইন রেজিষ্ট্রেশনের জন্য মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করেন। এছাড়াও ডেঙ্গু জ্বরের প্রকোপ রোধে এডিস মশা নিয়ন্ত্রনে সবাইকে সচেতন হবার জন্য অনুরোধ করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | **উপজেলা মৎস্য অফিস :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। মৎস্যপণ্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রন আইন ২০২০ অনুযায়ী নিরাপদ মাছ উৎপাদনে সচেতনতা বৃদ্ধি মূলক কার্যক্রম ও বাজার অভিযান চলমান বলে জানান। তিনি আরও জানান, চুরখাই বাজার থেকে ২৫ কেজি পিরানহা মাছ জব্দ ও বিনষ্ট করা হয়েছে এবং এই মাছ বিক্রয় না করার জন্য বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম নেওয়া হয় । তাছাড়া খামার পরিদর্শন, পরামর্শ প্রদান, মৎস্যখাদ্য ও হ্যাচারী লাইসেন্স নবায়ন, পুকুরের পানি পরীক্ষাসহ সকল সম্প্রসারণ মূলক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস:** উপজেলা প্রানীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে প্রাণীর চিকিৎসা, টিকাদান, উঠান বৈঠক ইত্যাদি কাজ চলমান রয়েছে। তাছাড়া ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রকল্পের উপকারভোগী বাছাই এর কাজ চলমান রয়েছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি,হিজড়া,অনগ্রসর ভাতা সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহন শুরু হয়েছে, যা ১৩/১০/২৫ হতে ৬/১১/২৫ পর্যন্ত চলমান থাকবে। dss.bhata.gov.bd/online applicationএই লিংকে আবেদন করা যাবে বলে জানান। এছাড়া প্রতিস্থাপন সংক্রান্ত তথ্যাদি যদি কারো কাছে থেকে থাকে তবে তা আগামী মাসের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য সকল চেয়ারম্যান/প্রশাসক মহোদয়কে অনুরোধ জানান। তাছাড়াও ময়মনসিংহ জেলায় সরকারি শিশু পরিবার (বালক)/(বালিকা) ২টি প্রতিষ্ঠান রয়েছে।উক্ত প্রতিষ্ঠান দুটিতে বেশ কিছু শূন্য- পদ রয়েছে বলে জানান। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ২১/১০/২৫ তারিখের ১৬৫ নং স্মারক অনুযায়ী শিশু আইন ২০১৩ তে এতিম শিশুর পাশাপাশি সুবিধাবঞ্চিত শিশু ভর্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে জানান। তাই এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | **উপজেলা সমবায় অফিস :** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া তিনি প্রশাসক হিসেবে ঘাগড়া ইউনিয়নের জন্য ঘাগড়া মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে আইপিএস সুবিধা অকার্যকর থাকার কারণে গর্ভবতী মায়েরা প্রসবকালীন সময়ে চরম দুর্ভোগের শিকার হচ্ছে বলে জানান। এ বিষয়ে তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস:** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া ময়মনসিংহ সদর উপজেলায় ৫ম শ্রেনির শিক্ষার্থীদের পড়ালেখায় উৎসাহিত করণে 'মেধা অন্বেষণ' -২০২৫ প্রতিযোগিতা ১৯০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় সহ সংযুক্ত বিদ্যালয়ের ০৬ জন শিক্ষার্থীদের নিয়ে প্রথম ধাপে ০৯ টি ক্লাস্টার পর্যায়ে এবং পরবর্তীতে উপজেলা পর্যায়ে পরিচালনার জন্য শিক্ষা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের আলোকে বাস্তবায়িত হবে বলে জানান। তাছাড়া এই প্রতিযোগিতা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উদ্যোগে প্রান্তিক পর্যায়ে প্রাথমিক শিক্ষার প্রতি উৎকর্ষতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলেও তিনি জানান। তাই মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২৫ সঠিক ও সুষ্ঠভাবে বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন অফিস :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষন কার্যক্রম বাজেট বরাদ্ধ না থাকায় শুরু করা সম্ভব হচ্ছে না। ঋন কার্যক্রম, প্রশিক্ষন, আত্মকর্মসংস্থান সৃজন যুব সংগঠন রেজিস্ট্রেশন কার্যক্রম এপি এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হচ্ছে। তাছাড়া ইমপ্যাক্ট ফেজ-৩ প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক আছে। সদর উপজেলায় ৪২ টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন চলমান আছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর উপকার ভোগীর তালিকা এবং কাবিখা/কাবিটা/টি.আর এর তালিকা প্রশাসক/চেয়ারম্যান মহোদয়গণকে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস :** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, মা ওশিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি মাসে প্রতি ই নিবন্ধন থেকে বরাদ্দ অনুযায়ী ১০ জনের তালিকা আসে।অক্টোবর/২৫ মাসের অনুমোদিত উপকারভোগীর পরবর্তী ৩৬ মাস G2P পদ্ধতিতে ভাতা পাবেন বলে জানান।তাছাড়া প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে নীতিমালা অনুযায়ী প্রাপ্য আবেদনকারীদের তালিকা উপজেলা কমিটির নিকট পাঠানোর জন্য তিনি প্রশাসকদের অনুরোধ জানান।এছাড়া ভি.ডব্লিউ.বি কর্মসূচির আওতায় জুলাই,আগষ্ট, সেপ্টেম্বর/২৫ মাসের চাল বিতরণ করা হবে এবং অক্টোবর/২৫ মাস হতে পুষ্টি চাল বিতরণ করা হবে। তাছাড়াও অদম্য নারী পুরষ্কার শীর্ষক কর্মসূচির আওতায় ৫ টি ক্যাটাগরিতে ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবসের দিন নারীদের সম্মাননা দেয়া হবে বলে জানান।তাই তিনি বিভিন্ন ইউনিয়ন হতে পুরষ্কার গুলো পেতে আগ্রহী যোগ্য প্রার্থীদের আবেদনের ব্যবস্থা গ্রহণের | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জন্য বিভিন্ন ইউনিয়নের প্রশাসক এবং কর্মকর্তাদের অনুরোধ জানান। উপ-পরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর,ময়মনসিংহ হতে আবেদনপত্র গ্রহন করা হবে বলে জানান\| এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৪ | **উপজেলা বিআরডিবি অফিস :** উপজেলা বি আর ডি বি অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে।তাছাড়া মুক্তিযোদ্ধা প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের খেলাপী আদায়ের লক্ষ্যে জোড় প্রচেষ্টা অব্যহত রয়েছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বি আর ডি বি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৫ | **উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নিবাচন উপলক্ষে ১৪৮ ময়মনসিংহ-৪ (সদর) আসনের সম্বাব্য ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুত করা হয়েছে। তাছাড়া পোলিং পার্সোনাল তালিকা প্রস্তুত করা হচ্ছে । এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৬ | **উপজেলা পরিসংখ্যান অফিস:** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | **উপজেলা খাদ্য অফিস :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। চর নিলক্ষিয়া ও চর ইশ্বরদিয়া ২ টি ইউনিয়নে খাদ্যবান্ধব পাইলটিং কার্যক্রম চলমান। এছাড়া বাকি অন্যান্য ইউনিয়নেও খাদ্যবান্ধব কর্মসূচি নভেম্বর /২৫ পর্যন্ত চলবে ।এ বিষয়ে তিনি ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যান সাহেবদের তদারকি জোরদার করার জন্য অনুরোধ জানান । এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস :** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | **উপজেলা আইসিটি অফিস :** উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/১ | **বিবিধঃ** বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত প্রকল্প/পূর্তকাজগুলো বাস্তবায়নের নিমিত্ত সবাই জনগুরুত্বপূর্ণ বিবেচনায় একমত পোষণ করেন এবং এগুলো দ্রুত বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।<br>**রাজস্ব তহবিলঃ**<br>০১। উপজেলা পরিষদের অনুমোদিত দাপ্তরিক ব্যয় (আপ্যায়ন,মনিহারি ও আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি) বিধিমোতাবেক নীতিমালা অনুযায়ী ব্যয়সীমার মধ্যে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের অনুমোদিত দাপ্তরিক ব্যয় (আপ্যায়ন,মনিহারি ও আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি) বিধিমোতাবেক নীতিমালা অনুযায়ী ব্যয়সীমার মধ্যে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। জরুরী ভিত্তিতে আনসার ক্যাম্পে জ্বালানী ও আনুষঙ্গিক ব্যয় - ২৫০০০/- এবং আনসার ক্যাম্পের পানির লাইন মেরামত ব্যয় - ২৫০০০/-, হাটবাজার কাজের পুন:ইজারা বিজ্ঞপ্তি বিল ২৪৮৪০/- এবং পরিষদের গাড়ির গ্যারেজ ও মেরামত খাত থেকে ২২০৫৮/- DPM পদ্ধতিতে ক্রয় করা হয়েছে। এগুলো বিল পরিশোধ করা প্রয়োজন।<br>**উন্নয়ন তহবিলঃ**<br>০১। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণ ও বেঞ্চ সরবরাহ – (PIC - ০১)<br>০২। অষ্টধার বাজার সংলগ্ন নদীতে যাতায়াতের নিমিত্ত 'ড্রাম ব্রীজ' নির্মাণ / স্থাপন। (PIC ১,২)<br>(০৩)জরুরী ভিত্তিতে জনস্বার্থে ময়মনসিংহ জিলা স্কুলের নামাজঘরে বৈদ্যুতিক ফ্যান সরবরাহ। (DPM) | আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল থেকে PPR, 2008 (পিপিআর ২০০৮) অনুসরণক্রমে প্রয়োজনীয় ক্ষেত্রে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এক্ষেত্রে যে সকল কাজে প্রাক্কলন প্রয়োজন সেক্ষেত্রে উপজেলা প্রকৌশলী বাস্তবতার নিরিখে প্রাক্কলন প্রস্তুত করবেন। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

<table>
<tr>
<td>১৯/২</td>
<td>
<u>বিবিধ</u><br>
ময়মনসিংহ সদর উপজেলাধীন রাজস্ব উদ্বৃত্ত উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ইউনিয়ন পরিষদের প্রশাসক / চেয়ারম্যানগণ HBB দ্বারা সড়ক উন্নয়নের জন্য নিম্নলিখিত প্রকল্পগুলো দাখিল করেছেন।এক্ষেত্রে প্রতিটি ইউনিয়ন থেকে প্রায় ১০০০ ফিট সম্ভাব্য পূর্ণ রাস্তা করা হবে মর্মে আলোচনা হয়।<br><br>
ময়মনসিংহ সদর উপজেলাধীন রাজস্ব উদ্বৃত্ত উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ইউনিয়ন পরিষদের প্রশাসক / চেয়ারম্যানগণ কর্তৃক দাখিলকৃত প্রকল্পের নাম ঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>ইউনিয়নের নাম</th><th>প্রকল্পের নাম</th></tr>
<tr><td>১</td><td>অষ্টধার</td><td>১। নিমতলা সুজনের বাড়ী হইতে ইউসুফের বাড়ীর দিকে সড়ক HBB করণ /সলিং করণ।<br>২। পান্তাপাড়া পাঁকা রাস্তা খোরশেদের স-মিল হইতে কাউনিয়া যাদবদী সরকারী প্রাঃ বিদ্যালয় ও শের মাহমুদ এর বাড়ীর দিকে সড়ক HBB করণ / সলিং করণ ।</td></tr>
<tr><td>২</td><td>বোররচর</td><td>বাড়িপাড়া বেড়িবাধ হইতে বাগের কান্দা হাজিবাড়ী মসজিদের দিকে সড়ক HBB করণ / সলিং করণ ।</td></tr>
<tr><td>৩</td><td>পরানগঞ্জ</td><td>সানাদিয়া মোজাম্মেল মেম্বারের বাড়ীর কাঁচা রাস্তা হইতে সানাদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দিকে সড়ক HBB করণ /সলিং করণ ।</td></tr>
<tr><td>৪</td><td>সিরতা</td><td>গলাকাটা মোড় হইতে গলাকাটা বাজারের দিকে সড়ক HBB করণ /সলিং করণ ।</td></tr>
<tr><td>৫</td><td>চরঈশ্বরদিয়া</td><td>চর বড়বিলা নীলেরকুঠি জামাল উদ্দিনের বাড়ি হইতে সুলতানের বাড়ীর দিকে সড়ক HBB করণ / সলিং করণ ।</td></tr>
<tr><td>৬</td><td>চরনিলক্ষীয়া</td><td>রাঘবপুর গ্রামে আঃ রাজ্জাকের বাড়ী হইতে রাঘবপুর পাঁকা রাস্তার দিকে সড়ক HBB করণ / সলিং করণ ।</td></tr>
<tr><td>৭</td><td>কুষ্টিয়া</td><td>মোফাজ্জল বাড়ির ব্রীজ হইতে আবুল সরকারের বাড়ী দিকে সড়ক HBB করণ / সলিং করণ ।</td></tr>
<tr><td>৮</td><td>খাগডহর</td><td>মাইজবাড়ী বিল্লালের বাড়ি হইতে নয়ন মেম্বার মোড়ের দিকে সড়ক HBB করণ / সলিং করণ ।</td></tr>
<tr><td>৯</td><td>দাপুনিয়া</td><td>দাপুনিয়া ইউনিয়নের গোষ্ঠা পশ্চিমপাড়া পোষ্ট মাষ্টার শাহজাহানের বাড়ি হইতে সিরাজফকির বাড়ির দিকে সড়ক HBB/ সলিং করণ।</td></tr>
<tr><td>১০</td><td>ঘাগড়া</td><td>চরঘাগড়া গ্রামের মোঃ আব্দুস সালাম মাষ্টার সাহেবের নতুন বাড়ি হইতে চরঘাগড়া চৌরাস্তা বাজার এর দিকে সড়ক HBB / সলিং করণ ।</td></tr>
<tr><td>১১</td><td>ভাবখালী</td><td>ভাবখালী কান্দাপাড়া আল-নূর জামে মসজিদ হইতে কম্বুর মোড়ের দিকে সড়ক HBB করণ /সলিং করণ ।</td></tr>
</table>
</td>
<td>যাচাইবাছাইয়ান্তে সভায় বিস্তারিত আলোচনাক্রমে এবং ইউপি প্রশাসক / চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশল দপ্তর কর্তৃক প্রকল্পগুলোর প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী মাসিক সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এক্ষেত্রে e- GP টেন্ডার আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
<tr>
<td>১৯/৩</td>
<td>
<u>বিবিধঃ</u><br>
<u>উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল সর্ম্পকিতঃ</u><br>
গত সেপ্টেম্বর /২৫ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার ১৯/৫ অনুচ্ছেদের সিদ্ধান্ত মোতাবেক দাপ্তরিক কাজের স্বচ্ছতা এবং তহবিলের ব্যবহারের স্বচ্ছতা ও নিশ্চয়তার জন্য 'ময়মনসিংহ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল' নামে একটি তহবিল কোন রাষ্ট্রায়ত্ত তফসিলি ব্যাংকে খোলার সিদ্ধান্ত নেয়া হয়েছিল এবং দাপ্তরিক কাজের সুবিধার জন্য যেসকল ব্যাংকে বর্তমানে উপজেলা পরিষদের অন্যান্য হিসাব আছে সেসব ব্যাংকে উক্ত হিসাব চালু করার সিদ্ধান্ত নেয়া হয়।সে হিসাবে বর্তমানে রুপালী ব্যাংক, সি.কে.ঘোষ রোড শাখায় হিসাব খোলার বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং উন্নয়ন তহবিল এর অন্যান্য হিসাব বন্ধ করে অর্থ স্থানান্তর করার বিষয়ে এবং অত্র কার্যবিবরনী সহ উর্ধ্বতন কর্তৃপক্ষ ও মন্ত্রনালয়ে লিখিতভাবে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়।
</td>
<td>বিস্তারিত আলোচনান্তেঃ<br>১। 'ময়মনসিংহ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল' নামে ০৮০২০২০০০২৮৩১ নং হিসাবে একটি হিসাব রুপালী ব্যাংক সি.কে.ঘোষ রোড শাখায় খোলা হয়েছে।<br>২। উপজেলা চেয়ারম্যান / প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার ময়মনসিংহ সদর এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।<br>" উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা – ২০২৪ " অনুযায়ী এটি পরিচালিত হবে।<br>৩। যমুনা ব্যাংক, ময়মনসিংহ শাখায়</td>
<td>প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
</table>

CamScanner

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | পরিচালিত (০৬২-০২১০০১৭০৯৩ ) নং হিসাবটি বন্ধ করে উক্ত ব্যাংকে অর্থ স্থানান্তরিত করা হবে ও নতুন ক্যাশ বহি হালনাগাদ করতে হবে।<br>৪। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষ ও মন্ত্রনালয়ে লিখিতভাবে জানাতে হবে। | |
| ১১/৪ | **<u>বিবিধ</u>**<br>ময়মনসিংহ সদর উপজেলার জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর অনুমোদিত দর তফসিল-২০২৫ এর বাইরে আইটেম সমূহের বাজার দর নির্ণয়ের বিষয়ে গুরুত্বারোপ করেন। এক্ষেত্রে পিপিআর, ২০২৫ অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুত এবং বিনির্দেশ (specification) সংক্রান্ত একটি কমিটি গঠনের বিষয়ে সকলে একমত পোষন করেণ । | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর অনুমোদিত দর তফসিল-২০২৫ এর বাইরে আইটেম সমূহের বাজার দর নির্ণয় করে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ এবং একই সাথে বিনির্দেশ (specification) নির্ধারণে পিপিআর ২০২৫ এর বিধি ০৯ অনুযায়ী বিনির্দেশ ও প্রাক্কলন কমিটিঃ<br>১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ---- আহবায়ক<br>২। উপজেলা আইসিটি কর্মকর্তা --- সদস্য<br>৩। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা--- সদস্য<br>৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ---- সদস্য<br>৫। উপসহকারী প্রকৌশলী (এল.জি.ই.ডি.) ---- সদস্য<br>গঠন করা হলো। | |

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. আরিফুল ইসলাম প্রিন্স)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং: ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২৫- ১৫০৪

তারিখ: ২৮-১০-২০২৫খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। উপজেলা ................................ কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৫। প্রশাসক/ চেয়ারম্যান........................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৬। জনাব.................................................................।
৭। অফিস কপি।

(মো. আরিফুল ইসলাম প্রিন্স)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

CamScanner
CamScanner

পরিশিষ্ট"ক"

সভার তারিখঃ ২৮/১০/২০২৫খ্রিঃ।

মাধ্যম : ZOOM APP PLATFORM ও সরাসরি।

অক্টোবর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার উপস্থিত উপজেলার সকল সরকারী বিভাগের প্রধানের উপস্থিতির স্বাক্ষর তালিকা

পরিশিষ্টঃ

| ক্রমঃ নং | সম্মানীত সদস্যগণের নাম ও পদবী | মোবাই নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | মো: আরিফুল ইসলাম প্রিন্স UNO | 01733323326 | [signature] |
| | ড. মারজানা হোসেন সিনিয়র উপজেলা মৎস্য অফিসার | 01717334739 | [signature] |
| | তারিক আজিজ উপজেলা কৃষি অফিসার (ভা.প্রা.) ময়মনসিংহ সদর, ময়মনসিংহ | 01738[illegible] | [signature] |
| | দিপ্তা চৌধুরী মেডিকেল অফিসার, [illegible] | 01794504147 | Dittna. |
| | মো. বেলায়েত হোসেন USEO প্রশাসক, ৫নং সিরতা ইউপি | 01712-041733 | [signature] |
| | হাবিবুল্লাহ, প্রশাসক কুষ্টিয়া ইউনিয়ন পরিষদ | 01716 592072 | [signature] |
| | মো: মনির উদ্দিন (নিজাম) UDF. UGDP ময়মনসিংহ সদর, ময়মনসিংহ | 01715093316 | [signature] |
| | কৃষ্ণ চন্দ্র রায় উপজেলা সমন্বয়কারী [illegible], ময়মনসিংহ সদর, ময়মনসিংহ | 01791875088 | [signature] |
| | মো: রেজাউল ইসলাম উপজেলা [illegible] | 01716715979 | [signature] |
| | [illegible] নির্বাচন অফিসার, NEO | 01726686118 | [signature] |
| | তমালিকা চক্রবর্তী [illegible] | 01921303057 | Tamalika |
| | মোহাঃ [illegible] তথ্যসেবা কর্মকর্তা (তথ্য আপা) উপজেলা তথ্যকেন্দ্র | 01684477468 | [signature] |

পরিশিষ্ট"ক"

সভার তারিখঃ ২৮/১০/২০২৫খ্রি।

মাধ্যম : ZOOM APP PLATFORM ও সরাসরি।

অক্টোবর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার উপস্থিত উপজেলার সকল সরকারী বিভাগের প্রধানের উপস্থিতির স্বাক্ষর তালিকা

পরিশিষ্টঃ

| ক্রমঃ নং | সম্মানীত সদস্যগণের নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| | মাকসুদা খাতুন<br>USSO | 01708415008 | [signature] |
| | মো: জিয়াউর রহমান হোসেন<br>সহকারী পরিচালক<br>আইসিটি ও জনমিতি সেবাদান কেন্দ্র | 01717-799478 | [signature] |
| | সিকদার মো: হারুন-অর-রশীদ<br>প্রতিনিধি - উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | 01712542578 | [signature] |
| | আসমা-উল-হুসনা ফাতেমা<br>জান্নাতুল ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01747739025 | [signature] |
| | আবু মোহাম্মদ মো: রেজাউল হক<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01712973917 | [signature] |
| | নাজিফা খাতুন<br>প্রোগ্রাম অফিসার<br>মহিলা বিষয়ক অধিদপ্তর, [illegible] | 01718648033 | [signature] |
| | ডা. মো: সোলায়মান সরকার<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অ:দা:) | 01633-387793 | [signature] |
| | আব্দুল্লাহ-আল-মামুন<br>উপজেলা প্রকৌশলী | 01708-161443 | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

CamScanner

CamScanner

**পরিশিষ্ট "খ"**

**সভার তারিখ: ২৮/১০/২০২৫ খ্রি:।**

**মাধ্যম : ZOOM APP PLATFORM ও সরাসরি**

**অক্টোবর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার উপস্থিত ইউনিয়ন পরিষদ এর সকল প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের উপস্থিতির স্বাক্ষর তালিকা পরিশিষ্টঃ**

| ক্রম: নং | সম্মানীত সদস্যগণের নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | মো: আমিনুল ইসলাম মিয়া UDO | 01733373326 | [signature] |
| | মা. মো. সোলাইমান সরকার প্রশাসক, চাচাতচর ইউনিয়ন প. | 01633-387743 | [signature] |
| | মো: আবু জোনায়েদ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | 01717724509 | [signature] |
| | শরীফ আহমদ প্রশাসক, [illegible] ইউনিয়ন পরিষদ | 01714-822375 | [signature] |
| | আয়েশা-উল-হুসনা ফাতেমা জান্নাতুল ফেরদৌস প্রশাসক, [illegible] ইউনিয়ন | 01747739025 | [signature] |
| | সোহেলী সারমিন প্রশাসক, [illegible] ইউনিয়ন | 01745491364 | [signature] |
| | হাবিবুল্লাহ, প্রশাসক কুমিরিয়া ইউনিয়ন পরিষদ | 01716 592072 | [signature] |
| | মো. বেলায়েত হোসেন USEO প্রশাসক, ৫ নং [illegible] ইউপি | 01712-041733 | [signature] |
| | তারিক আজিজ, প্রশাসক, চর [illegible] ইউনিয়ন | 01738-093227 | [signature] |
| | মুনিরা ইয়াসমিন প্রশাসনিক কর্মকর্তা [illegible] ইউ.পি | 01762-251241 | [signature] |
| | [illegible] প্রশাসনিক কর্মকর্তা [illegible] ইউ-পি | 01924693050 | [signature] |
| | [illegible] প্রশাসনিক কর্মকর্তা [illegible] ইউ পি | 01924693050 | [signature] |